

# বার্থডে পার্টি থেকে মিলাদ খন্দকার আলমগীর হোসেন

যতদিন মা'র ছেলে ছিলাম, সন্তানদের জন্মদিন পালন করতেন তিনি অতি নিয়মিত কিন্তু ঘরোয়া ভাবে। স্কুল থেকে ফিরেই বড় বড় শ্বাস নিতে থাকতাম ভ্যানিলা কেকের গন্ধে মৌ মৌ ঘরে। কেকের ভেতরটা কাঁচা রয়ে গেল কিনা কাঠি ঢুকিয়ে পরখ করতে করতে আদরভেজা কণ্ঠে আম্মা বলতেন, গোছল করে নতুন শার্টটা গায়ে দিয়ে আস শীগগির, কেক কাটবে যে! সেদিন বকাবকি একদম বন্ধ। দুষ্টামির একটু বাড়াবাড়ি হয়ে গেলে বলতেন, আজ জন্মদিন, মা'দের বকতে হয়না।

তারপর স্ত্রীর চক্রে জড়ালাম নিজেকে। কেমন করে জন্মদিন পালনের দায়িত্বটা কাঁধে তুলে নিলেন তিনি। কাজে যাবার সময় সে'দিনটিতে সকালে বলেন, কেক বানাচ্ছি, তাড়াতাড়ি ফিরবে। দু'য়েকবার পার্টির আকারেও উদযাপন করলাম জন্মদিন।

সৌদী আরবে গিয়ে বার্থডে পার্টি না করে মিলাদ মহফিল পালন করা শুরু করলাম। বয়স চল্লিশে পৌঁছালে অনেককে আমন্ত্রণ করলাম প্রাণভরে। চ্যাংড়া বয়সে ভাবতাম, বয়স চল্লিশ-টল্লিশ হ'লে সাধ-আহলাদ বুঝি সবশেষ। নিজের চল্লিশে পৌঁছে, নিজস্ব মস্তিষ্কপ্রসূত থিউরি থেকে দেয়ালে বড় বড় করে লিখলাম, 'মানুষ সম্পূর্ণ হয় চল্লিশে, 'A man in his forties is an experienced young man', ইত্যাদি। বন্ধুরা জোরেসোরে পিঠ চাপড়ে দিল। একজন অভ্যাগত বললেন, এত বড় সত্য কথা, মনীষির নামটা বলবেন ভাই।

দুই দশক সৌদী আরবে উটের জীবন কাটিয়ে কানাডায় চলে এলাম বাক্স-প্যাটরা গুটিয়ে, বৌ-বাচ্চাদের বগলদাবা করে। মিলাদ মহফিলের অভ্যাসটা জারী রইল।

পঞ্চাশতম বছর পূর্তিতে আবারও বড় আকারের মিলাদ মহফিলের দাওয়াত দিলাম। কিছু পুরনো বন্ধু, আত্মীয়। অনেকের সাথে নুতন পরিচয়, বন্ধুত্ব হবে হবে করছে। তাঁদেরই একজন দেশ থেকে সদ্য আমদানীকৃত নতুন পাঞ্জাবী গায়ে

চড়িয়ে এলেন, ছেলেগুলোর পড়নেও পাঞ্জাবী। এসে মহল দেখে একটু ক্ষুব্ধ হ'লেন যেন। খেতে খেতে জিজ্ঞেস করেই ফেললেন, বলেছিলেন না মিলাদ মহফিল, এত দেখছি বার্থডে পার্টি! সবিনয়ে বললাম, মিলাদ মহফিলইতো ভাই বার্থডে পার্টি। আরবীতে মিলাদ অর্থ জন্ম আর মহফিলের ইংরেজী পার্টি, মূল শব্দ 'হাফলা' থেকে যার উৎপত্তি। আরো বলতে হ'ল, বারোই রবিউল আউয়াল তারিখে আমাদের প্রিয় নবী মোহাম্মদ সাঃ এর জন্মদিন পালন থেকেই মূলতঃ মিলাদ মহফিল বাংলা ভাষায় এসেছে। আর সবার অজান্তে ব্যবহৃত হচ্ছে ব্যাপক অর্থে।

যাবার আগে নতুন বন্ধুটি দাওয়াত দিয়ে গেলেন। এবারও মিলাদ মহফিলের, তাঁর ছোট ছেলের, আসছে শনিবারে।